

মহাশূন্যে বাংলাদেশের প্রথম ন্যানো স্যাটেলাইট 'ব্র্যাক অন্বেষা'

ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের তিন শিক্ষার্থীর তৈরি করা প্রথম ক্ষুদ্রাকৃতি স্যাটেলাইট আন্তর্জাতিক মহাকাশ স্টেশন থেকে উৎক্ষেপণের পর পৃথিবীর কক্ষপথে প্রদক্ষিণ শুরু করেছে। 'ব্র্যাক অন্বেষা' নামে স্যাটেলাইটটির নকশা, উপকরণ সংগ্রহ ও তা বানানোর সব কাজই করেছেন ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের তিন শিক্ষার্থী- রায়হানা শামস ইসলাম অন্তরা, আবদুল্লা হিল কাফি ও মাইসুন ইবনে মনোয়ার।

জাপানে তৈরি হওয়া এ ন্যানো স্যাটেলাইটটি পৃথিবী থেকে ৪০০ কিলোমিটার উপরে অবস্থান করবে, পৃথিবীর চারপাশে প্রদক্ষিণ করতে সেটি সময় নেবে ৯০ মিনিটের মতো।

বাংলাদেশ সময় শুক্রবার বেলা ৩টা ১০ মিনিটে স্যাটেলাইটটি আন্তর্জাতিক মহাকাশ স্টেশন থেকে উৎক্ষেপণ করা হয়। ঢাকায় ব্র্যাক বিশ্ববিদ্যালয় মিলনায়তনে ভিডিও কনফারেন্সের মাধ্যমে তা সরাসরি সম্প্রচার করা হয়।

গত ৪ জুন ন্যানো স্যাটেলাইটটি যুক্তরাষ্ট্রের ফ্লোরিডায় অবস্থিত নাসার কেনেডি স্পেস সেন্টার থেকে স্পেসএক্স ফ্যালকন-৯ রকেটের মাধ্যমে আন্তর্জাতিক মহাকাশ স্টেশনে নিয়ে যাওয়া হয়। উৎক্ষেপণের পর সেটি বাংলাদেশের উপর দিয়ে দিনে ৪ থেকে ৬ বার উড়ে যাবে।

আকারে ক্ষুদ্র (১০ সেন্টিমিটার কিউব আকৃতি) ও এক কেজি ওজনের এ ন্যানো স্যাটেলাইট মহাকাশ সংক্রান্ত নানা বিষয়ে গবেষণা ও পর্যবেক্ষণের জন্য ছবি পাঠাবে, যা ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের গবেষকরা গবেষণা ও শিক্ষা কার্যক্রমে ব্যবহার করবেন বলে জানা গেছে।

Share this:

[Tweet](#)